গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৭.১৮/৭০ তারিখ: ১৮ জুলাই, ২০২৪ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-০৯/২০২৪**

**বিষয়ঃ আমদানিতব্য Flavored Drink Powder (Extra joss Ginseng Grape Royal Jelly, Extra Joss Ginseng Mango Royal Jelly, Extra Joss Ginseng Active Flavored Drink Bass Royal Jelly) নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ Unicorn Distribution Ltd. এর ০৩/০৩/২০২৪ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Unicorn Distribution Ltd. নামক প্রতিষ্ঠান Flavored Drink Powder (Extra joss Ginseng Grape Royal Jelly, Extra Joss Ginseng Mango Royal Jelly, Extra Joss Ginseng Active Flavored Drink Bass Royal Jelly) নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Unicorn Distribution Ltd. |
| আবেদনকারীর ঠিকানা | Level-4, SKS Tower, 7 VIP Road, Mohakhali, Gulshan, Dhaka. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Flavored Drink Powder (Extra joss Ginseng Grape Royal Jelly, Extra Joss Ginseng Mango Royal Jelly, Extra Joss Ginseng Active Flavored Drink Bass Royal Jelly) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Ready for consume with water |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | Indonesia |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 1103.20.00 |

২। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিতব্য পণ্যটি Flavored Drink Powder (Extra joss Ginseng Grape Royal Jelly, Extra Joss Ginseng Mango Royal Jelly, Extra Joss Ginseng Active Flavored Drink Bass Royal Jelly) যা মূলত একটি Food Item (Used As Flavored Drink Powder Like Tang)। পণ্যটি Vitamin (B3, B6, B15) Caffeine, Royal Jelly, Sweetener, Charbohydrute, Organic Acid সহ বিভিন্ন Nutrients এর সমন্বয়ে গঠিত। পণ্যের নমুনা, MSDS, BCT এবং Explanatory Notes এর আলোকে পর্যালোচনায় দেখা যায় আমদানিতব্য পণ্যটি আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত এইচ.এস. কোড 1103.20.00- Cereal Groats, Meal and Pellets এর সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

Explanatory Notes (Seventh Edition-2022) এর Volume-1 এর HS Chapter-21 পৃষ্ঠা নং- IV-2106-1 Heading- 21.06 এ বলা হয়েছে- Provided that they are not covered by any other heading of the Nomenclature, this heading covers:

(A) Preparations for use, either directly or after processing (such as cooking, dissolving or boiling in water, milk, etc.), for human consumption.

(B) Preparations consisting wholly or partly of foodstuffs, used in the making of beverages or food preparations for human consumption. The heading includes preparations consisting of mixtures of chemicals (organic acids, calcium salts, etc.) with foodstuffs (flour, sugar, milk powder, etc.), for incorporation in food preparations either as ingredients or to improve some of their characteristics

(appearance, keeping qualities, etc.) (see the General Explanatory Note to Chapter 38)." Explanatory Notes এর উপর্যুক্ত ব্যাখ্যা এ উল্লিখিত আলোচ্য পণ্যের বর্ণনার সাথে সামঞ্জস্যপূর্ণ।

বর্ণিত অবস্থায়, BCT, Explanatory Notes এর ব্যাখ্যা, MSDS এবং Analysis Report হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনায় আলোচ্য পণ্যটি Heading- 21.06 এর অন্তর্ভুক্ত Food preparations not elsewhere specified or included হিসেবে H.S.Code 2106.90.90 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:
এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:
(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।
(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৮.০৭.২০২৪
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৭.১৮/ ৭৯ — তারিখ: ১৮ জুলাই, ২০২৪ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/(আপীল) ঢাকা-১/(আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৭। ব্যবস্থাপনা পরিচালক, Unicorn Distribution Ltd., Level-4, SKS Tower, 7 VIP Road, Mohakhali, Gulshan, Dhaka.

১৮/৭/২৪
(তানভীর আহমেদ)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com